



অনলাইন প্ল্যাটফর্মে  
ভূয়া/প্রতারণাদের  
অ্যাকাউন্ট  
রিপোর্ট প্রক্রিয়া



Digital  
Literacy  
Center



বাশার অনলাইন কেনাকাটায় কেউ যদি ঠিকঠাক প্রডাক্ট না পাঠায় তাহলে কী কমপ্লেইনের সিস্টেম নেই?

আছে তো। কিন্তু কী হয়েছে?

আর বলো না কিছুদিন আগে একটি অনলাইনভিত্তিক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দেখে একটা জামা পছন্দ হয়।

অনলাইন অগ্রীম মূল্য পরিশোধ করে দিয়েছিলাম। আজ আসলো।

কিন্তু, প্যাকেট খোলার পরে দেখি বিজ্ঞাপনে প্রচার কার জামার তুলনায় এটার রঙ ও মান নিম্নমানের। এখন বলো এই প্রতারণার বিরুদ্ধে করণীয় কী?

তুমি চাইলে অনলাইন প্ল্যাটফর্মে ভুয়া বা প্রতারণার অ্যাকাউন্টে রিপোর্ট করতে পারো।

সেটা কীভাবে করবো?

প্রথমত, যেই অনলাইন পরিষেবার মাধ্যমে পণ্যটি ক্রয় করা হয়েছে, তাঁদের কাস্টমার কেয়ার সার্ভিসের মাধ্যমে রিপোর্ট করা যেতে পারে।

মনে করো, তুমি দারাজ.কম এর মাধ্যমে একটি পণ্য কিনে প্রতারণিত হয়েছে।



এখন নির্দিষ্ট বিক্রেতার বিরুদ্ধে তোমার অভিযোগটি দারাজ কর্তৃপক্ষের নিকট পৌঁছে দিতে দারাজ হেল্পলাইন ১৬৪৯২ (স্ট্যান্ডার্ড চার্জ প্রযোজ্য\*) নম্বরে কল করে রিপোর্ট করতে পারো।

এছাড়া জরুরি ক্রেতা সেবায় নিয়োজিত [customer.bd@care.daraz.com](mailto:customer.bd@care.daraz.com) ইমেইল ঠিকানাটি ব্যবহার করে রিপোর্ট করতে পারো।



বুঝেছি। কিন্তু আমি যদি ফেসবুকের কোনো পেজ-এ প্রডাক্ট অর্ডার করি তখন কী করবো?

তখন তোমাকে ফেসবুক অ্যাকাউন্ট থেকে বিক্রেতা অ্যাকাউন্টের মূল পাতায় (Home page) যেতে হবে।

তারপর মূলপাতায় তিনটি ডট (...) চিহ্নিত অংশটিতে ক্লিক করতে হবে।

এবার 'সাহায্য খুঁজুন বা অভিযোগ করুন' (Find support or report account) লেখাটি সিলেক্ট করতে হবে।

এবার স্ক্রিনে প্রদত্ত অপশন থেকে 'প্রতারণা (Scam)' লেখাটিতে ক্লিক করবে।

স্ক্রিনে প্রদত্ত অপশনের মধ্যে 'অন্যান্য (Others)' অপশনটি সিলেক্ট করবে।

তারপর নির্দিষ্ট বক্সে তোমার অভিযোগটি লিখে

সবশেষে, 'অভিযোগ করুন' (Report) লেখাটি সিলেক্ট করবে এবং রিপোর্ট প্রক্রিয়া শেষ করবে।

থ্যাংক ইউ বাশার। আমার মাথাটা গরম হয়ে ছিলো।

ঠিক আছে। এখন ঠান্ডা মাথায় একটা রিপোর্ট করো।

